9 MAY 2017

# একাদশে অনলাইনে ভর্তি আবেদন শুরু আজ

নিজস্ব প্রতিবেদক ▷

একাদশ শ্রেণিতে ভর্তি আবেদন আজ মঙ্গলবার দুপুর ১২টা থেকে শুরু হবে, চলবে ২৬ মে রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত। বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইনের উপস্থিতিতে এ কার্যক্রম আনুষ্ঠানিকভাবে শুরু হবে। ভর্তীচ্ছুরা অনলাইনে (www.xiclassadmission.gov.bd) এই ওয়েবসাইট ও টেলিটক মোবাইল ফোন থেকে এসএমএসের মাধ্যমে আবেদন করতে পারবে। বিস্তারিত তথ্য ভর্তির জন্য নির্ধারিত ওয়েবসাইটেও দেওয়া থাকবে।

ঢাকা শিক্ষা বোর্ড সূত্র জানায়, অনলাইন আবেদনে ফি লাগবে ১৫০ টাকা। আর এসএমএসে প্রতি কলেজের জন্য ফি লাগবে ১২০ টাকা। শিক্ষার্থীদের মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজ নির্বাচন করে দেবে শিক্ষা বোর্ডগুলো। ৫ জুন প্রথম পর্যায়ে নির্বাচিতদের ফল প্রকাশ করা হবে। ৬ থেকে ৮ জুন পর্যন্ত নির্বাচিত শিক্ষার্থীদের এসএমএসের মাধ্যমে কলেজ নিশ্চয়ন করতে হবে। এরপর মাইগ্রেশনের আবেদন এবং নতুন আবেদন করা যাবে ৯ থেকে ১০ জুন পর্যন্ত। ১৩ জুন দ্বিতীয় পর্যায়ের ফল দেওয়া হবে। তাদের ১৪ ও ১৫ জুন কলেজ নিশ্চয়ন করতে হবে। এরপর আবার মাইগ্রেশন ও নতুন আবেদন করা যাবে ১৬ ও ১৭ জুন। তৃতীয় পর্যায়ে ফল প্রকাশ করা হবে ১৮ জুন। তাদের কলেজ নিশ্চয়ন করতে হবে ১৯ জুন। ২০ থেকে ২২ জুন এবং ২৮ থেকে ২৯ জুন দুই দফায় শিক্ষার্থীদের ভর্তি হতে হবে। ক্লাস শুরু হবে ১ জুলাই।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং............
তারিখ............
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
কর্মকর্তা
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর